দৈনিক বাংলা

৩৩

তারিখ 21 NOV. [illegible]
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষার সমস্যাগুলি চিহ্নিত করুন: কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ উচ্চ শিক্ষার মান ও ধরন উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন সমস্যা চিহ্নিত করার ওপর গুরুত্ব আরোপ করেছেন। খবর বাসসর।

প্রধানমন্ত্রী সোমবার ঢাকায় জাতীয় যাদুঘর মিলনায়তনে একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট সংক্রান্ত ১১ দিনব্যাপী জাতীয় প্রশিক্ষণ কর্মশিবির উদ্বোধন করছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, আমরা উচ্চ শিক্ষার মানের অবনতি ঘটতে দিতে পারি না। কারণ দেশের সার্বিক উন্নয়ন ও অগ্রগতি এর ওপর নির্ভর করে।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ইউজিসির সদস্য অধ্যাপক এম শামসুল হক ও সচিব জনাব শহিদুল্লাহ এবং ইউনেস্কো প্রতিনিধি কবির মজুমদারও বক্তৃতা করেন।

ইউজিসি ও ইউনেস্কোর যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মশিবিরে ২৫ জন একাডেমিক স্টাফ অংশ নিচ্ছেন।

কাজী জাফর আহমদ বলেন, জ্ঞানের বিভিন্ন শাখায় শিক্ষাদান করা ছাড়াও জাতীয় জীবনের সকল ক্ষেত্রে নেতৃত্ব দিতে দক্ষ, সৎ, উদ্যোগী, সচেতন, চিন্তাশীল ও কঠোর পরিশ্রমি নাগরিক গড়ে তোলাও উচ্চ শিক্ষার অন্যতম দায়িত্ব।

তিনি বলেন, কিন্তু অভিযোগ রয়েছে যে আমাদের শিক্ষার গুণ-

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পাতার পর)

গত মান আন্তর্জাতিক মানের সমান নয়। বর্তমান বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যকর কি-না, সে সম্পর্কেও বিভিন্ন প্রশ্ন তোলা হচ্ছে।

তিনি বলেন, আজ নৈরাজ্যই হয়েছে সিলেবাস। বই কলমের স্থান নিয়েছে পিস্তল, ড্যাগার, ছুরি। ছাত্রাবাসগুলো পরিণত হয়েছে অস্ত্রাগারে। বিশ্ববিদ্যালয়

(৩-এর পৃঃ দ্রঃ)

(৮-এর পৃঃ পর)

গুলোতে অধ্যয়ন ও জ্ঞান অন্বেষার পরিবর্তে যখন তখন সংঘাত-সংঘর্ষ হচ্ছে।

প্রধানমন্ত্রী বলেন, গত সাত বছরে বিভিন্ন ক্যাম্পাসে কয়েক হাজার সংঘর্ষ হয়েছে। নিহত হয়েছে ৮৩ জন। বন্ধ ঘোষণা করা হয়েছে আটশ ৪১টি শিক্ষা-প্রতিষ্ঠান।

তিনি বলেন, সেশনজটের কারণে তিন বছরের অনার্স কোর্স শেষ করতে আট বছর লাগে। তারল্যের এই অপচয় বাংলাদেশের মত একটি দরিদ্র দেশের জন্য এমন এক বিলাস, যা সহনীয় নয়।

শিক্ষকদের পেশাগত মানোন্নয়ন প্রসঙ্গে কাজী জাফর আহমদ বলেন, বিশ্ববিদ্যালয়গুলোতে তিন হাজার শিক্ষক ও কলেজগুলোতে ১৫ হাজার দুশ শিক্ষক রয়েছেন। বিশ্ববিদ্যালয় শিক্ষা সম্প্রসারণ করা হচ্ছে। আগামী অর্ধ বছরে আরও দুটি বিশ্ববিদ্যালয় চালু

## কাজী জাফর

করা হবে। দেশে এখন সাতটি বিশ্ববিদ্যালয় ও চারশ ৬৫টি ডিগ্রী কলেজ রয়েছে।

উচ্চ পর্যায়ে, বিশেষ করে, কলেজগুলোতে শিক্ষার মানের অবনতি প্রসঙ্গে তিনি বলেন, মেধাবী ও উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের অভাবই এর প্রধান কারণ।

ছাত্র শিক্ষক সম্পর্কোন্নয়নের প্রয়োজন উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এটা ক্যাম্পাসে ৮০ শতাংশ সমস্যা সমাধানে সাহায্য করবে।

**শেখ শহীদুল ইসলাম**

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম একাডেমিক স্টাফদের মানোন্নয়নে উচ্চতর শিক্ষা ও গবেষণার একটি একাডেমী প্রতিষ্ঠার পরামর্শ দেন।

এ বছর এইচএসসি পরীক্ষায় ৭৫ শতাংশ পরীক্ষার্থীর ব্যর্থতার উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন এ থেকে বোঝা যায় যে কলেজগুলোতে ও উচ্চতর শিক্ষা ক্ষেত্রে শিক্ষাদান পদ্ধতিতে কিছু ত্রুটি থাকতে পারে।

তিনি আরো উল্লেখ করেন যে কয়েকটি কলেজে কেবল মেধাবী ছাত্রদের ভর্তি করা হয়। কিন্তু এ বছর এইচএসসি পরীক্ষায় এসব কলেজের বিপুল সংখ্যক ছাত্রছাত্রী কম্পার্টমেন্টাল পেয়েছে।

**অধ্যাপক আলী আহসান**

অধ্যাপক আলী আহসান বলেছেন, ইউজিসি উচ্চতর শিক্ষা ও গবেষণার জন্য একটি একাডেমী স্থাপনের প্রস্তাব শীঘ্রই প্রণয়ন করবে।

**মার্কিন রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত উইলার্ড এ ডি প্রী সোমবার সকালে ঢাকায় প্রধানমন্ত্রীর সচিবালয়ে প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের সঙ্গে সাক্ষাৎ করেন। তারা দ্বিপক্ষীয় ও পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন।